# জাতীয় বিশ্ববিদ্যালয়

## বাংলাদেশ

কলেজ পরিদর্শন দপ্তর

ই-মেইল: college.inspection@nu.ac.bd


স্মারক নং- ০৭(ঢ-৭১৭) জাতীঃবিঃ/কঃপঃ/২৪৫৫২ তারিখ ঃ ০৯/০৮/২০২৬

## প্রজ্ঞাপন

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদনসাপেক্ষে এলএলবি (সম্মান) শিক্ষাকার্যক্রমের অধিভুক্তি নিম্নোক্ত রেগুলেশন দ্বারা নিয়ন্ত্রিত হইবে। এই রেগুলেশন অবিলম্বে কার্যকর হইবে।**

**এলএলবি (সম্মান) শিক্ষাকার্যক্রমের অধিভুক্তির শর্তাবলী ঃ**

(১) নিজস্ব অখন্ড জমি/ভাড়া বাড়ির উপর আইন কলেজ প্রতিষ্ঠিত হইতে হইবে। জমির রেজিস্ট্রিকৃত দলিল ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র থাকিতে হইবে। কলেজ/প্রতিষ্ঠান অবশ্যই ৫ (পাঁচ) বৎসরের মধ্যে নিজস্ব জমিতে স্থায়ীভাবে স্থানান্তরিত করিতে হইবে। এ ব্যাপারে কলেজ/প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের মধ্যে বন্ড স্বাক্ষর করিতে হইবে।

সাধারণভাবে কলেজের জমির পরিমান হইবে নিম্নরুপ ঃ

| | |
|---|---|
| (ক) মেট্রোপলিটন এলাকায় | ০.৫০ একর |
| (খ) পৌর/শিল্প এলাকায় | ১.৫০ একর |
| (গ) অন্যান্য এলাকায় | ২.০০ একর |

(২) আইন কলেজ কমপক্ষে ১২ (বার) জন শিক্ষক কর্মরত থাকিতে হইবে। শিক্ষকগণকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে যোগ্যতা এবং অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। শিক্ষকদের মধ্য অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ ৯ (নয়) জনকে অবশ্যই পূর্ণকালীন শিক্ষক হিসেবে কর্মরত থাকিতে হইবে এবং সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স ডিগ্রিধারী হইতে হইবে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আইন কলেজ শিক্ষক/কর্মকর্তা-কর্মচারীদের চাকুরীর রেগুলেশন অনুসরণ করিতে হইবে।

(৩) উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায় হতে উত্তীর্ণ শিক্ষার্থীরা এলএলবি (সম্মান) পর্যায়ে ভর্তির আবেদন করিতে পারিবে।

(৪) কলেজ গ্রন্থাগারে পাঠ্যসূচী অনুযায়ী পুস্তক এবং রেফারেন্স পুস্তক সংখ্যা কমপক্ষে ২,০০০ (দুই হাজার) হইতে হইবে। গ্রন্থাগারে "ল" রিপোর্ট এবং "ল" জার্নাল নিয়মিতভাবে ক্রয় এবং সংরক্ষণের ব্যবস্থা থাকিতে হইবে।

(৫) ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক প্রশিক্ষণের জন্য মুট কোর্টের (Moot Court) সু-ব্যবস্থা থাকিতে হইবে।

(৬) কলেজের নিকটস্থ ব্যাংকে সংরক্ষিত তহবিলে ১০,০০,০০০/- (দশ লক্ষ) ও সাধারন তহবিলে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) করিয়া টাকা জমা থাকিতে হইবে। তবে শর্ত যে, সংরক্ষিত তহবিলের মূল দলিল অধিভুক্তিলাভের পূর্বে বিশ্ববিদ্যালয়ে জমা করিতে হইবে। উল্লেখ্য যে, কোন অধিভুক্ত কলেজ বিশ্ববিদ্যালয়ের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলে অর্থ ব্যাংক থেকে উত্তলোন কিংবা খরচ করিতে পারিবে না।

(৭) প্রশাসনিক কর্মকান্ড পরিচালনার নিমিত্তে অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও শিক্ষকদের পৃথক কক্ষ থাকিতে হইবে।

(৮) ছাত্র-ছাত্রীদের পাঠদানের লক্ষ্যে ন্যূনতম ০৮ (আট)টি শ্রেণী কক্ষের ব্যবস্থা থাকিতে হইবে।

(৯) কলেজের একটি গভর্নিং বডি থাকিতে হইবে এবং গভর্নিং বডি কর্তৃক কলেজটি পরিচালিত হইবে।

(১০) কলেজের কোন দ্বিতীয় ক্যাম্পাস/শাখা থাকিবে না।

(১১) কলেজে ন্যূনতম ১০ (দশ)টি কম্পিউটারসহ প্রিন্টার ও ইন্টারনেট সংযোগ থাকিতে হইবে।

(১২) অধিভুক্তির জন্য আবেদনকারী কোন কলেজ অধিভুক্তি লাভের পূর্বে ছাত্র-ছাত্রী ভর্তি করিলে সেই কলেজের অধিভুক্তির আবেদন নাকচ করা হইবে এবং অধিভুক্তির জন্য জমাকৃত টাকা বাজেয়াপ্ত বলিয়া গণ্য হইবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

৭/৪/২৬

নাজিম উদ্দিন আহমেদ
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭১১-৫৬৩৪০০

স্মারক নং- ০৭(ঢ-৭১৭) জাতীঃবিঃ/কঃপঃ/ তারিখঃ ০৯/০৮/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়;
২। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৩। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (**পত্রটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে-এ প্রকাশ ও অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে গ্রুপ মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধসহ**);
৪। অতি: রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৫। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-১ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৬। উপ-রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-২ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৮। অফিস কপি।

৭/৪/২৬

কলেজ পরিদর্শক(ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়